# প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - সালাত (নামায)

রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

তাহাজ্জুদের রাকআত সংখ্যা - ৬৬.তাহাজ্জুদের সালাত কত রাকাত?

এর জন্য নির্দিষ্ট কোন রাকআত সংখ্যা নেই। রাতের সালাত দুই দুই রাকআত করে যত রাকআত পড়া সম্ভব তা পড়তে পারে। আর ফজর কাছাকাছি হয়ে গেলে শেষে এক রাকআত বিতর পড়ে নেবে (বুখারী: ৯৯০)

(ক) তবে উত্তম হলো বিতরসহ এগারো বা তেরো রাকআত পড়া। রাসূলুল্লাহ (স) এশার পর থেকে ফজরের পূর্ব পর্যন্ত এগারো রাকআত সালাত আদায় করতেন। (তাহাজ্জুদের) সালাত দুই দুই রাকআত করে পড়ে সালাম ফিরাতেন, অতঃপর শেষে এক রাকআত বিতর পড়তেন। (মুসলিম)। সময় কম বা অন্য কোন উযর থাকলে কমপক্ষে চার বা ছয় রাকআতও পড়তে পারেন।

(খ) রমযান মাস ও রমযান ছাড়া কোন সময়ই রাসূলুল্লাহ (স) এগারো রাকাতের বেশি সালাত আদায় করতেন না (বুখারী: ১১৪৭)। এর মধ্যে ৮ বা ১০ রাকআত হলো তাহাজ্জুদ বা তারাবীহ এবং বাকি এক বা তিন রাকআত হলো বিতর।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12952

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন